

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান বুরো
উপজেলা পরিসংখ্যান অফিস
ছাতক, সুনামগঞ্জ।

স্মারকনং-৫২.০১.১০১৮.০০০, ৫১.০০১.২০- ০০৭

তারিখ: ০৮ মাঘ ১৪২৬
২২ জানুয়ারি ২০২০

শুমারিকর্মী (তালিকাকারী/সুপারভাইজার) নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান বুরো কর্তৃক বাস্তবায়নাধীন ‘জনশুমারি ও গৃহগণনা-২০২১’ এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারিয়ের গণনা কার্যক্রমে ‘তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার’ পদের নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র ছাতক উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	প্রাপ্তি ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মান ভাতা প্রাপ্তি হবেন।	১) নূনতম স্বাতক/ডিপী সম্মান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন-সাইজ নূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ খ্রীঃ তারিখে বয়স ২০-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/ গণনাকারী	এ	১) নূনতম এইচ.এস.সি/সম্মান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন-সাইজ নূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ খ্রীঃ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- নির্ধারিত আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবসাইট www.chhatak.sunamganj.gov.bd এবং উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইট <http://bbs.chhatak.sunamganj.gov.bd> থেকেও ডাউনলোড করা যাবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমের সময় মোট ১০ (দশ) দিন। প্রতি তালিকাকারী উক্ত ১০(দশ) দিনে কম-বেশি ৪০০ (চারশত) খানার তালিকা করবেন। মূল শুমারিতে (জানুয়ারি/২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করবেন।
- লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিখ্যাত নিয়ন্ত্রণ স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- কেবল মাত্র বেকার যুবক/যুবতীরা শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকরির কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি/ডি/এ দেয়া হবেনা।
- লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভূল/অস্পষ্ট বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।
- শুমারি কর্মী নির্বাচনে অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম স্তরেজনক মর্মে প্রতীয়মাণ হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- সকল পদের আবেদন বদ্ধ খামের উপর ডানপার্শে পদের নাম, নিজ ইউনিয়ন এবং নিজ মৌজার নাম উল্লেখপূর্বক আগামী ৩০/০১/২০২০ খ্রীঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসের নির্দিষ্ট বাক্সে সরাসরি অথবা বাহক/ডাক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পোছাতে হবে।
- শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশবোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবসাইট এবং উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাঙ্কণিক বাতিল হয়ে যাবে।
- মূল শুমারির জন্য চূড়ান্ত ভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথা সময়ে প্রকাশ করা হবে।
- আবেদনপত্র দাখিলকারীগণের বাছাই পরীক্ষা/সাক্ষাত্কারের স্থান, তারিখ ও সময় উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবসাইট এবং উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটে জানাবে হবে।
- আবেদন ফরমে চাহিত সংযুক্তি অবশ্যই আবেদনের সাথে জমা দিতে হবে।
- শুমারি কর্মী নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিকান্ডেল চূড়ান্ত বলে গণ্য হবে।

৩/১
২১/১/২০

(সোনিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার (রুটিন দায়িত্ব)

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা-২০২১ এর
শুমারিকর্মী নির্বাচন কমিটি
ছাতক, সুনামগঞ্জ।